

## 💵 সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায়: সাওম সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ণ মাসআলা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: ঈদুল ফিতরের জামা'আতে মহিলাদের অংশ গ্রহণ জায়েয কিনা?

জওয়াব: হ্যাঁ জায়েয। বরং তাদের ঈদের জামা'আতে অংশ গ্রহণের প্রতি জোর দেওয়া হয়েছে। উম্মে আতীয়াহ রাদিয়াল্লাহু 'আনহা থেকে বর্ণিত, তিনি বলেন:

«أمرنا أن نخرج الحيض يوم العيدين وذوات الخدور فيشهدن جماعة المسلمين ودعوتهم، ويعتزل الحيض وأمرنا أن نخرج الحيض يوم العيدين وذوات الخدور فيشهدن جماعة المسلمين ودعوتهم، ويعتزل الحيض عن مصلاهن، قالت امرأة: يارسول الله، إحدانا ليس لها جلباب، قال: لتلبسها صاحبتها من جلبابها» .

"আমাদের মহিলাদের নির্দেশ দেওয়া হয়েছে যাতে মহিলাগণ মুসলিমদের জামা'আতে প্রত্যক্ষ করতে পারেন ও তাদের সাথে সালাতে শরীক হন।

মাসিকগ্রস্ত মহিলাগণ ঈদগাহ থেকে দুরে থাকবে। এক মহিলা জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রাসূল! আমাদের একজনের ওড়না নেই, সে কীভাবে যাবে? তিনি বললেন, সে তাদের এক সাথীর ওড়না নিয়ে পরিধান করবে ও যাবে।" কিন্তু মহিলাগণ সুগন্ধি ও চাকচিক্যময় বেশ-ভূষা এবং পুরুষদের সাথে একত্রিত হওয়া পরিহার করবেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11031

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন